ভোরের কাগজ

তারিখ ... ... JAN 21 2000
পৃষ্ঠা ১ কলাম ২

38

# জাফর ইকবালকে কাফনের কাপড় পাঠিয়েছে মৌলবাদীরা

## শা.বি. ক্যাম্পাসে শিক্ষকদের র‍্যালি, ছাত্রদের বিক্ষোভ

**ইখতিয়ার উদ্দিন, সিলেট অফিস :** শাহজালাল বিশ্ববিদ্যালয়ের হল ও ভবনের নামকরণবিরোধী মৌলবাদী গোষ্ঠী হরতাল-অবরোধের মতো ধ্বংসাত্মক কর্মসূচির পাশাপাশি বেপরোয়া সন্ত্রাসী তৎপরতা শুরু করেছে। গত কদিন ধরে শিক্ষকদের বাসায় হামলা ও টেলিফোনে হত্যার হুমকি প্রদানের পর গতকাল শা.বি সিন্ডিকেট সদস্য প্রখ্যাত কম্পিউটারবিজ্ঞানী প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবালের বাসায় কাফনের কাপড় পাঠানো হয়েছে। এ ছাড়া মৌলবাদী সন্ত্রাসীরা বিশ্ববিদ্যালয়ের দুটি বাস ভাঙচুর ও নামকরণের সমর্থক দুজন ছাত্রছাত্রীকে নাজেহাল করেছে।

এদিকে, নামকরণ স্থগিত রাখতে সরকারের নীতিগত সিদ্ধান্ত ও মৌলবাদীদের সন্ত্রাসী তৎপরতার পরিপ্রেক্ষিতে প্রতিবাদ-বিক্ষোভ অব্যাহত রয়েছে। শা.বি. শিক্ষক সমিতি দুপুরে ক্যাম্পাসে এক প্রতিবাদ র‍্যালি বের করে। র‍্যালি শেষে সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জয়নাল আবেদীন সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বলেন, নামকরণের ব্যাপারে আমরা চ্যান্সেলরের চিঠির অপেক্ষা করছি। তারপর পরবর্তী করণীয় নির্ধারণ করবো।

ছাত্রলীগ শা.বি. ● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

## জাফর ইকবালকে কাফনের

● প্রথম পাতার পর

শাখাও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। মিছিল শেষে জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন আব্দুল বাছিত, ফখর উদ্দিন আহমদ পলাশ প্রমুখ। এ ছাড়া মহিলা পরিষদ সিলেট জেলা শাখা, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ভোরের কাগজ পাঠক ফোরাম সিলেট জেলা পরিবার, শা.বি. প্রেসক্লাব প্রভৃতি সংগঠন সরকারের ভূমিকা নিয়ে উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে।

শা.বি. প্রেসক্লাব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গতকাল ক্লাব সভাপতি ফারুক আহমদ মেহেদীকে তিনজন অজ্ঞাত পরিচয় মোটরসাইকেল আরোহী সন্ত্রাসী প্রাণনাশের হুমকি দিয়েছে।

এ দিকে, নামকরণবিরোধী মৌলবাদী চক্র তাদের সন্ত্রাসী কার্যকলাপের ধারাবাহিকতায় গতকাল প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবালের বাসায় ডাকযোগে কাফনের কাপড় পাঠিয়েছে। প্রেরকের ঠিকানাবিহীন এ চিঠিতে পরীক্ষা গ্রহণের চেষ্টা করলে তাকে হত্যা করা হবে বলে হুমকি দেওয়া হয়। চিঠির সঙ্গে এক টুকরো কাফনের কাপড়ও নমুনা হিসেবে যুক্ত করে দেয় বলে তার পারিবারিক সূত্র জানায়। শা.বি. কর্তৃপক্ষ বিষয়টি সিলেটের পুলিশ সুপারকে অবহিত করেছেন। রাতে অতিরিক্ত পুলিশ সুপার এম এ গণিকে বিষয়টি তদন্ত করে দেখার জন্য ঘটনাস্থলে পাঠানো হয়েছে বলে সিলেটের পুলিশ সুপার এম এ হানিফ ভোরের কাগজকে জানিয়েছেন। এ প্রসঙ্গে প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবালের সহধর্মিণী ড. ইয়াসমিন হক জানান, প্রফেসর জাফর ইকবাল তার নৈমিত্তিক চিঠিসমূহ খুলতে গিয়ে কাফনের কাপড়সহ চিঠিখানি হাতে পান। তিনি টেলিফোনে হুমকি প্রদান অব্যাহত রয়েছে বলেও উল্লেখ করেন। প্রফেসর জাফর ইকবাল বলেন, এর আগে তারা মৃত্যু পরোয়ানা পাঠিয়েছে, বাসায় বোমা হামলা করেছে, সর্বশেষ কাফনের কাপড়ও পাঠালো। তারা তো হুমকি দিয়েই চলেছে। এ ব্যাপারে আর নতুন করে বলার কি আছে।

শা.বি. প্রক্টর নাজমুল আহসান জানান, গতকাল সকালে শহরের টিলাগড় এলাকায় মৌলবাদী সন্ত্রাসীরা বিশ্ববিদ্যালয়ের দুটি বাস ভাঙচুর করেছে। কর্তৃপক্ষ ছাত্র-শিক্ষকদের পরিবহনের জন্য বাস দুটি ভাড়া করেছিল। সকাল সাড়ে ৮টায় নিয়মিত রুটে চলাচলের সময় টিলাগড় পয়েন্ট থেকে ছেড়ে আসার পথে একদল যুবক হামলা চালিয়ে বাস দুটি ব্যাপক ভাঙচুর করে। এ সময় তারা বাসের আরোহী কয়েকজন কর্মচারীকে মারধরও করে।